



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ-১২১৩

তারিখ : ২৫-০৪-২০২৪ খ্রি:

বিষয় : ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস/পাঠ্যসূচি সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীদের সঠিক তথ্য প্রদান না করায় কারণ দর্শানো সংক্রান্ত।।

- সূত্র : ১। জেলা প্রশাসক-এর সীল সম্বলিত নামেজ সরদার মাধ্যমিক বিদ্যালয়, রাজারহাট, যশোর-এর ০৬ (ছয়) জন শিক্ষার্থীর আবেদন।  
২। যশোর শিক্ষা বোর্ডের ২৬-০৮-২০২৫ তারিখের পনি/পিএ-১১৩৮ নং স্মারক পত্র  
৩। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ০২-০১-২০২৫ তারিখের ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.২ নং স্মারক পত্র।  
৪। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ২৬-০৮-২০২৫ তারিখের ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.২৮ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত জেলা প্রশাসক, যশোর কর্তৃক আপনার বিদ্যালয়ের ২০২৬ সালের এসএসসি পরীক্ষার্থী কর্তৃক সিলেবাস সম্পর্কিত তথ্য সঠিকভাবে জানানো হয়নি মর্মে একটি আবেদন পাওয়া গেছে। যশোর শিক্ষা বোর্ড কর্তৃক জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রাপ্ত নোটিশের আলোকে যথা সময়ে ০২ নং সূত্রে বর্ণিত নোটিশ বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয় (কপি সংযুক্ত)। তাছাড়া জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ওয়েবসাইটেও নোটিশগুলি প্রকাশিত হয়েছে। আপনি এ সংক্রান্ত নোটিশের বিষয়ে ২০২৬ সালের এসএসসি পরীক্ষার্থীদের মাঝে নোটিশের যথাযথ বিষয়গুলি না জানিয়ে শিক্ষার্থীদেরকে ২০২৬ সালের নতুন সিলেবাস অনুযায়ী নির্বাচনি পরীক্ষা গ্রহণ করেছেন। শিক্ষার্থীদের ভুল তথ্য দিয়ে ও সঠিক সিলেবাসে পাঠদান না করা এবং শিক্ষা বোর্ডের নির্দেশনা অমান্য করে প্রতিষ্ঠান প্রধান হিসেবে দায়িত্বে চরম অবহেলা ও উদাসিনতার পরিচয় দিয়েছেন। এহেন দায়িত্বহীন কর্মকাণ্ডে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিলের জন্য বলা হল।

২৫-০৪-২০২৪

প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

মোবা: ০১৭৩৩-২২২০০৩

প্রধান শিক্ষক

নামেজ সরদার মাধ্যমিক বিদ্যালয়

রাজারহাট, যশোর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, যশোর
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, যশোর
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর
- ৪। সভাপতি, ম্যানিজিং/এডহক কমিটি  
নামেজ সরদার মাধ্যমিক বিদ্যালয়, রাজারহাট, যশোর
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা বোর্ড, যশোর
- ৬। অফিস নথি



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ-১১৩৮

তারিখ : ২৬-০৮-২০২৫ খ্রি.

বিষয় : ২০২৬ সালের এসএসসি পরীক্ষার পাঠ্যসূচি সংক্রান্ত।

সূত্র : (১) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ০২-০১-২০২৫ তারিখের ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.২ নং স্মারকপত্র।

(২) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ২৬-০৮-২০২৫ তারিখের ৩৭.০৬.০০০০.০০০.৪০২.৭১.০০৬৮.০২.২৮ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার নিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত ও প্রকাশিত **পুনর্বিদ্যা সক্রত সংক্ষিপ্ত পাঠ্যসূচি** অনুযায়ী অনুষ্ঠিত হবে।

২। যে সকল শিক্ষার্থী ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় **অনিয়মিত/মানোন্নয়ন** পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে তারা **২০২৫ সালের এসএসসি পরীক্ষার পাঠ্যসূচি (পূর্ণাঙ্গ সিলেবাস)** অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬-০৮-২০২৫

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের  
সকল শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের অধীন সকল জেলা।
- ২। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের অধীন সকল জেলা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। অফিস কপি।